

তারিখ: 28/09/2011

**“আয়কর - ভারত নির্মাণের 150 বর্ষ” উদযাপন উপলক্ষে ধাতুমুদ্রা জারি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই নিম্নলিখিত মাত্রা, নকশা এবং গঠন সম্বলিত ₹5 মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলনে আনবে, যেমন

মূল্যমান	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু মিশ্রণ
পাঁচ টাকা	বৃত্তাকার 23 মিলিমিটার	100	নিকেল পিতল যার মধ্যে ভামা- 75% দস্তা- 20% নিকেল- 5%

**নকশা**

মূল্যমান	মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ
পাঁচ টাকা	ধাতুমুদ্রার এই ভাগে থাকবে অশোক স্তম্ভের শীর্ষস্থ সিংহ, নীচে খোদিত নীতিবাক্য “ <b>सत्यमेव जयते</b> ”, বাম দিকের পরিধির পার্শ্বদেশে হিন্দিতে “ <b>भारत</b> ” শব্দ এবং ডান দিকের উপরের পরিধিতে ইংরাজিতে “ <b>INDIA</b> ” শব্দ হবে। শীর্ষস্থ সিংহের নীচে আরও থাকবে আন্তর্জাতিক অঙ্কে লিখিত মূল্যমান “ <b>5</b> ”, বামদিকের নীচের পরিধির পার্শ্বদেশে হিন্দিতে ‘ <b>रुपये</b> ’ এবং ডানদিকের নীচের পরিধিতে ইংরাজিতে “ <b>RUPEES</b> ” শব্দ।	ধাতুমুদ্রার এই ভাগের মধ্যস্থলে থাকবে “চাণক্য এবং মৌমাছি সমেত পল্লফুল”-এর প্রতিচ্ছবি এবং চাণক্যের প্রতিচ্ছবির নীচে হিন্দিতে “ <b>चाणक्य</b> ” এবং ইংরাজিতে “ <b>CHANAKYA</b> ” শব্দ থাকবে, বামদিকের পরিধির পার্শ্বদেশে হিন্দিতে “ <b>आयकर - भारत निर्माण के 150 वर्ष</b> ” শব্দ, অক্ষর এবং সংখ্যায় লেখা থাকবে এবং ডানদিকের পরিধির পার্শ্বদেশে ইংরাজিতে “ <b>INCOME TAX-150 YEARS OF BUILDING INDIA</b> ” শব্দ এবং সংখ্যায় লেখা থাকবে। নীচের পরিধিতে আন্তর্জাতিক অঙ্কে বর্ষ “ <b>1860-2010</b> ” প্রদর্শিত হবে।

ভারতীয় কয়েনেজ অ্যাক্ট, 1906 অনুযায়ী এই ধাতুমুদ্রাগুলি বৈধ টেন্ডার। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান ধাতুমুদ্রাও বৈধ টেন্ডার হিসাবে চালু থাকবে।

জে.ডি.দেশাই  
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/493